

জন্ম নিবন্ধন-সবার প্রয়োজন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
জন্ম ও মৃত্যু নিবন্ধন প্রকল্প  
কেন্দ্রীয় পরিবহণ পুল ভবন (কক্ষ নং ৯০৮-৯০৯)  
সচিবালয় লিঙ্ক রোড, ঢাকা-১০০০  
ওয়েব সাইট: <https://br.lgd.gov.bd>

নির্ভুল নিবন্ধন একবার  
বিড়ম্বনা নয় বারবার।

ই-মেইলযোগে

স্মারক নং: স্থাসবি/জমনিপ্র/প্রপকা/বিআরআইএস-১১/২০১৪-২৪৪

তারিখ: ২১-০৪-১৪২২  
০৫-০৮-২০১৫

বিষয়: হাতে লেখা জন্ম নিবন্ধন তথ্য অনলাইনভুক্তকরণ প্রসঙ্গে।


সূত্র: স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-৪৬.০১৮.০২৮.০০.০০.০০১.২০১১-৭৯০ তারিখ-২১-১০-২০১৪ এবং এ প্রকল্পের স্মারক নং- স্থাসবি/জমনিপ্র/প্রপকা/বিআরআইএস-১১/২০১৪-২৭৮ তারিখ- ১১-৬-২০১৪।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অক্টোবর, ২০১০ সাল থেকে জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রম অনলাইনভুক্ত হওয়ার পর হতে পূর্বের হাতে লেখা জন্ম নিবন্ধন তথ্যাদি অনলাইনভুক্ত করার জন্য সূত্রোক্ত পত্রসমূহের মাধ্যমে একাধিকবার সময় দেয়া হয়। কিন্তু এ পর্যন্ত অনেক নিবন্ধকের কার্যালয় হাতে লেখা সকল এন্ট্রি অনলাইনভুক্ত না করায় সার্বিকভাবে জন্ম ও মৃত্যু নিবন্ধনের সঠিক তথ্যাদি নিরূপন করা সম্ভব হচ্ছে না যার ফলে বিভিন্ন পর্যায়ে বিড়ম্বনার সৃষ্টি হচ্ছে।

এ অবস্থায়, তাঁর অধিক্ষেত্রের আওতাধীন পূর্বের হাতে লেখা জন্ম নিবন্ধন তথ্যাদি গত ৩০-৬-২০১৫ পর্যন্ত অনলাইনভুক্তকরণের বিবরণী নির্ধারিত 'ছক' এ ২০-৮-২০১৫ তারিখের মধ্যে প্রত্যেক জেলার ডিডিএলজি, স্থানীয় সরকারের নিকট প্রেরণ জন্য বিশেষভাবে অনুরোধ করা হ'ল। একই সঙ্গে, প্রত্যেক জেলার ডিডিএলজি, স্থানীয় সরকার প্রাপ্ত বিবরণীসমূহ একত্রীকরণ করে ৩০-৮-২০১৫ তারিখের মধ্যে ডাকযোগে এ অফিসে প্রেরণ করবেন।

বিষয়টি অতীব জরুরী।

সংযুক্তি: বর্ণনামতে ১ ফর্দ ছক।

  
(শেখ মুজিবুর রহমান এনডিসি)  
প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)  
ফোন- ৯৫৫৬৬০৬

কার্যার্থে:

- ১। মেয়র (সকল) সিটি কর্পোরেশন/পৌরসভা।
- ২। উপ-পরিচালক, স্থানীয় সরকার (সকল) (তাঁর এখতিয়ারাধীন সকল নিবন্ধককে উপর্যুক্ত বার্তাটি পৌঁছে দেয়ার অনুরোধসহ)।
- ৩। ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার (সকল), ক্যান্টনমেন্ট বোর্ড।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল) (তাঁর এখতিয়ারাধীন সকল নিবন্ধককে উপর্যুক্ত বার্তাটি পৌঁছে দেয়ার অনুরোধসহ)।
- ৫। চেয়ারম্যান, (সকল) ইউনিয়ন পরিষদ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

- ১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার (সকল)।
- ৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, (সকল) সিটি কর্পোরেশন।
- ৪। জেলা প্রশাসক (সকল)।

হাতে লেখা জন্ম নিবন্ধন ডাটা ৩০-৬-২০১৫ তারিখ পর্যন্ত অনলাইনভুক্তকরণ সংক্রান্ত বিবরণী

‘ছক’

নিবন্ধক কার্যালয়ের নাম:

উপজেলা/সিটি কর্পোরেশন/ক্যান্টনমেন্ট বোর্ডের নাম:

জেলার নাম:

অনলাইন নিবন্ধন শুরু পূর্ব পর্যন্ত হাতে লেখা মোট জন্ম নিবন্ধন এন্ট্রির সংখ্যা	পূর্বের হাতে লেখা জন্ম নিবন্ধন এন্ট্রি ৩০-৬-২০১৫ পর্যন্ত অনলাইনভুক্তকরণের সংখ্যা	হাতে লেখা জন্ম নিবন্ধন এন্ট্রি ৩০-৬-২০১৫ পর্যন্ত অনলাইনভুক্ত না হওয়ার সংখ্যা	বার বার সময় দেয়া স্বত্বেও হাতে লেখা এন্ট্রি অনলাইনভুক্ত না করতে পারার যৌক্তিক কারণসমূহ	অবশিষ্ট এন্ট্রিসমূহ অনলাইনভুক্তকরণের জন্য সর্বনিম্ন কী পরিমাণ সময় প্রয়োজন	মন্তব্য (যদি থাকে)
১	২	৩	৪	৫	৬

তারিখ:

নিবন্ধকের স্বাক্ষর  
(নামসহ সীল)

প্রতিস্বাক্ষর  
উপজেলা নির্বাহী অফিসার/  
উপ-পরিচালক  
স্থানীয় সরকার